

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৯৫

তারিখ: ০৯ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ

বরাবর

সম্পাদক

সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার/শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে

মহোদয়

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়াসহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### সংবাদ বিজ্ঞপ্তি

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ পুষ্পস্তুবক অর্পণ করেন

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপ-উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তুবক অর্পণ করে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সেখানে কিছু সময় দাঁড়িয়ে নীরবতা পালন করেন। এসময় উপ-উপাচার্য মহোদয়ের সাথে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জনাব মো. রেজাউল হক, ইআবি অফিসার্স এসোসিয়েশন, ইআবি কর্মচারী পরিষদ ও বঙ্গবন্ধু পরিষদ ইআবি শাখার নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রথম উপ-উপাচার্য হিসেবে যোগদান করেন। পরবর্তীতে নবনিযুক্ত উপ-উপাচার্যকে তাঁর যোগদান উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। এসময় উপ-উপাচার্য বলেন, দ্বীনি শিক্ষার প্রসার ও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার আধুনিকায়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নকে ত্বরান্বিত করতে মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর আন্তরিক প্রচেষ্টা ও নির্দেশনা মোতাবেক ঐক্যবদ্ধভাবে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে হবে। বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর সহযোগিতায় বিশ্ববিদ্যালয়কে কর্মচঞ্চল করার অগ্রহ প্রকাশ করে তিনি বলেন, সকলকে তার স্ব-স্ব অবস্থানে আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে। এসময় তিনি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রথম উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পাওয়ায় মহামান্য রাষ্ট্রপতি ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর, মাননীয় প্রধানমন্ত্রী এবং সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ চার বছরের জন্য প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদকে উপ-উপাচার্য পদে নিয়োগ দিয়েছেন। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রথম উপ-উপাচার্য হিসেবে যোগদানের পূর্বে প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করেন।

উপাচার্যের অনুমোদনক্রমে

(জনাব মো. রেজাউল হক)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।